

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার নং-১০

তারিখ : ২১ ডিসেম্বর, ২০০৯  
০৭ পৌষ, ১৪১৬

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ।

বিরাজমান বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি মোকাবেলায় রপ্তানীমুখ্য  
শিল্প খাতে ঝণ/লীজ পুনঃতফসিলিকরণ নীতিমালা সহজীকরণ প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং ০৩, তারিখ ২২ এপ্রিল, ২০০৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

সুত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বিশ্ব মন্দার কারণে রপ্তানীমুখ্য শিল্প খাতে বিশেষ করে হিমায়িত খাদ্য, চামড়া ও চামড়াজাত পণ্য সামগ্রী, পাট ও পাটজাত পণ্য সামগ্রী, বন্দু (স্পিনিংসহ) এবং তেরী পোষাক শিল্পে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপী ঝণ/লীজ আবশ্যকীয় ডাউন পেমেন্ট ছাড়া প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ সেপ্টেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত পুনঃতফসিলিকরণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল ।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিশ্ব মন্দার কারণে রপ্তানীমুখ্য শিল্প খাতের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপী ঝণ/লীজ আবশ্যকীয় ডাউন পেমেন্ট ছাড়া প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত পুনঃতফসিলিকরণ করা যাবে ।

উল্লেখ্য, ঝণ/লীজ পুনঃতফসিলিকরণের বিষয়ে ইতিপূর্বে জারীকৃত এফআইডি সার্কুলার নং-০২ তারিখ ০৫/০৩/২০০৭ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ ইলিয়াস সিকদার)

মহাব্যবস্থাপক

ফোন : ৯১২০৩৬২